# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান— ৭০


## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১.▶ নিচের প্রদত্ত চিত্রের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :**



ক. কোন সাল থেকে ২১শে ফেব্রুয়ারি শহিদ দিবস হিসেবে পালিত হচ্ছে? ১

খ. আইয়ুব খানের মৌলিক গণতন্ত্র ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রদত্ত চিত্রটি আমাদের কোন ঐতিহাসিক ঘটনা স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনাটি বাঙালি জাতীয়তাবাদ বিকাশে অসামান্য অবদান রাখে- বিশ্লেষণ কর। ৪

**২.▶ নিচের সারণিটি পড় এবং সৃজনশীল প্রশ্নের উত্তর দাও।**

| ছক-ক | ছক-খ |
|---|---|
| একজন নেতা বললেন যে ঘরে ঘরে দুর্গ গড়ে তোল আর তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা কর। | একটি সরকার গঠন করা হয় ১০ এপ্রিল ১৯৭১ সালে, দেশকে ১১ সেক্টরে বিভক্ত করা হয়, বিভিন্ন ধরনের মুক্তিযোদ্ধা সংগঠন গঠন করা হয়, বিভিন্ন দেশে মিশন পাঠানো হয়। |

ক. পাকিস্তানি আমলে বঙ্গবন্ধু মোট কত বছর জেলখানায় ছিলেন? ১

খ. বঙ্গবন্ধুর দ্বিতীয় বিপ্লব বলতে কী বোঝ? ২

গ. ছক-'ক'তে উল্লিখিত বিষয়টির সার্বিক দিক ব্যাখ্যা কর। ৩

ঘ. ছক-'খ'তে বর্ণিত কর্মকাণ্ডগুলির জন্যই বাংলাদেশ স্বাধীন হয়।" উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** যুদ্ধ বিধ্বস্ত অবকাঠামো, অর্থশূন্য কোষাগার ও স্বজন হারানোর বেদনা ও হাহাকার নিয়ে শুরু হয় বঙ্গবন্ধুর সরকারের যাত্রা। তার সরকার রাষ্ট্র পরিচালনার সংবিধান প্রণয়ন করে তাতে মুক্তিযুদ্ধের প্রতিফলন ঘটান। শিক্ষা, শিল্প, খাদ্য, অর্থনীতি প্রভৃতি ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেন। মিত্র বাহিনীকে ফেরত পাঠানোসহ পররাষ্ট্র নীতির ক্ষেত্রে উজ্জ্বল ভাবমূর্তি প্রতিষ্ঠা

http://teachingbd.com

করে এ সরকার।

ক. স্বাধীনতার ঘোষণা কখন সংবিধানে অন্তর্ভুক্ত হয়? ১
খ. স্বাধীনতা যুদ্ধে বুদ্ধিজীবীদের ভূমিকা বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত সংবিধানের পটভূমি ও বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সরকার যুদ্ধ বিধ্বস্ত দেশ পুনর্গঠনে যে ভূমিকা রেখেছিল তা বিশ্লেষণ কর। ৪

**৪.▶**




ক. নির্বাচন কাকে বলে? ১
খ. রাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদানটি ব্যাখ্যা কর। ২
গ. গণতান্ত্রিক রাষ্ট্রের ত্রুটিসমূহ আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে '?' চিহ্নিত বিষয়টির অপরিহার্য কার্যাবলি আলোচনা কর। ৪

**৫.▶** নিচের ছকটি পর্যবেক্ষণ কর ও প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. CEDAW এর পূর্ণরূপ লিখ। ১
খ. ইলেকট্রেরাল কলেজ কী? ব্যাখ্যা কর। ২
গ. '?' চিহ্নিত স্থানের সংস্থাটির সাথে বাংলাদেশের সম্পর্ক ব্যাখ্যা কর। ৩
ঘ. বর্তমান বিশ্ব প্রেক্ষাপটে তুমি কীভাবে উক্ত সংস্থাটির ভূমিকা মূল্যায়ন করবে? বিশ্লেষণ কর। ৪

**৬.▶** বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ও জনসংখ্যার ঘনত্ব উভয়ই প্রতিবেশী দেশগুলোর চেয়ে বেশি। এ দেশের অর্থনীতি কৃষিপ্রধান হওয়া সত্ত্বেও কৃষিজমির পরিমাণ অত্যন্ত কম। তাই দেশটি অর্থনৈতিক উন্নতি সাধনের জন্য বিভিন্নমুখী কার্যক্রম গ্রহণ করেছে।

Teachingbd.com

ক. ধনতান্ত্রিক অর্থনীতিতে উৎপাদন প্রক্রিয়ার মূল উদ্দেশ্য কী? ১
খ. অনুন্নত দেশের অনুন্নত অবস্থা দীর্ঘস্থায়ী হয় কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত দেশের অর্থনীতিকে কৃষিপ্রধান বলার কারণসমূহ চিহ্নিত কর। ৩
ঘ. উন্নয়নের মাত্রার বিচারে উপরে বর্ণিত দেশটি একটি 'উন্নয়নশীল দেশ'—বিশ্লেষণ কর। ৪

৭. ▶ বাংলাদেশ সরকার জনকল্যাণ সাধন, প্রশাসন পরিচালনা ও উন্নয়নের জন্য বিপুল অর্থ ব্যয় করে। অনেক নতুন নতুন খাত ও ব্যয়ের পরিমাণ ক্রমশই বাড়ছে। এ জন্য সরকারকে প্রচুর আয় করতে হয়।


ক. বাণিজ্যিক ব্যাংকের আমানত কত প্রকার? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে অন্যান্য ব্যাংকের ব্যাংক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত দেশটি কীভাবে তার আয়ের পরিমাণ বৃদ্ধি করতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাম্প্রতিককালে বর্ণিত দেশটির ব্যয় ক্রমশই বৃদ্ধি পাচ্ছে—বিশ্লেষণ কর। ৪


৮. ▶

| স্থান | অক্ষাংশ | দ্রাঘিমা | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| A | ৩০° উত্তর | ৬৫° পূর্ব | ২২ ডিসেম্বর | সকাল ৮টা |
| B | ৫৫° দক্ষিণ | ২৫° পশ্চিম | ২২ ডিসেম্বর | ? |

ক. মূল মধ্যরেখা কী? ১
খ. আন্তর্জাতিক তারিখ রেখা কেন অঙ্কন করা হয়েছে? ২
গ. তালিকায় দেখানো 'A' চিহ্নিত স্থানে সকাল ৮টা এবং 'B' চিহ্নিত স্থানের স্থানীয় সময় কত হবে? ৩
ঘ. উক্ত তারিখে দুটি স্থানের (A ও B) দিন-রাত্রির দৈর্ঘ্য কি একই রূপ হবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও ৪

৯. ▶


চিত্র-১: জোয়ার-ভাটা




চিত্র-২: ঋতু পরিবর্তন

http://teachingbd.com

ক. কেন্দ্রাতিক/কেন্দ্রবিমুখী শক্তি কী? ১
খ. প্রমাণ সময় ব্যাখ্যা কর। ২
গ. চিত্র-১-এ 'ক' ও 'খ' চিহ্নিত স্থানের জোয়ার ও ভাটার মধ্যকার সময়ের ব্যবধান কত? কেন? ৩
ঘ. চিত্র-২-এ উভয় গোলার্ধে কোন কোন ঋতু বিদ্যমান? বর্ণনা দাও। ৪

১০.▶




বিভিন্ন কারণে ক, খ ও গ নদীগুলো শুকিয়ে যাচ্ছে। সেচসহ অন্যান্য অর্থনৈতিক কর্মকাণ্ডে এর বিরূপ প্রভাব পড়ছে।

দৃশ্যপট: ২

ক. তিস্তা নদীর উৎপত্তিস্থল কোথায়? ১
খ. বাংলাদেশ অংশে 'ক' নদীর গতিপথ লিখ। ২
গ. উদ্দীপক-২-এ কোন সংকটটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সংকটটি সমাধানে কী কী ব্যবস্থা নেয়া উচিত বলে তুমি মনে কর? আলোচনা কর। ৪

১১.▶ পিন্টু দরিদ্র পরিবারের সন্তান। তার বয়স ১৩ বছর। বাধ্য হয়ে সে একটা গাড়ির গ্যারেজে কাজ করে। যেখানে সে নানাভাবে নির্যাতনের শিকার হয়। এক সময় সে মাদকাসক্ত হয়ে পড়ে এবং ছিনতাই করাসহ নানা অপরাধে জড়িয়ে পড়ে।

ক. বাংলাদেশে শিশুদের সময়সীমা কত? ১
খ. জঙ্গিবাদ দূর করার উপায়গুলো কী কী? ২
গ. উদ্দীপকে বর্ণিত পিন্টুর অপরাধী হওয়ার কারণগুলো বর্ণনা কর। ৩
ঘ. পিন্টুকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য কী কী ব্যবস্থা নেয়া উচিত বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. সৌর জগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ কোনটি?
ⓚ শনি ⓚ বৃহস্পতি
ⓖ মঙ্গল ⓖ ইউরেনাস

২. বাঙালির জাতীয় মুক্তির প্রথম আন্দোলন কোনটি?
ক) বঙ্গভঙ্গ খ) ভাষা আন্দোলন
গ) ৬ দফা ঘ) ৬৯ এর গণঅভ্যুত্থান

৩. জর্জ হ্যারিসন কোথায় জন্মগ্রহণ করেন?
ক) কলকাতা খ) নিউইয়র্ক
গ) লন্ডন ঘ) প্যারিস

৪. ৬০° থেকে ৯০° পর্যন্ত অক্ষাংশকে কী বলে?
ক) উচ্চ অক্ষাংশ খ) নিম্ন অক্ষাংশ
গ) উচ্চ-মধ্য অক্ষাংশ ঘ) মধ্য অক্ষাংশ

৫. রাষ্ট্রের সবচেয়ে সুন্দর ও পূর্ণাঙ্গ সংজ্ঞা কে প্রদান করেছেন?
ক) এরিস্টটল খ) ম্যাকাইভার
গ) উইলসন ঘ) গার্নার

৬. বাংলাদেশের জনগণের বার্ষিক প্রবৃদ্ধির হার ২% বৃদ্ধি পেলে জনগণের জীবনযাত্রা মান-
i. বৃদ্ধি পাবে ii. স্থিতিশীল থাকবে
iii. নিম্নমুখী হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. জনাব কাশেম নিজ প্রতিষ্ঠানে ১০ বছর যাবৎ জনগণের সমর্থন নিয়ে কাজ করে যাচ্ছেন। সকলে তাকে খুব শ্রদ্ধা করে। কাশেমের কাজের ব্যবস্থাপনাকে তুলনা করা যায়-
ক) স্বৈরাচারতন্ত্র খ) একনায়কতন্ত্র
গ) রাজতন্ত্র ঘ) গণতন্ত্র

৮. কোন দুটি গ্রহের মধ্যবর্তী দূরত্ব অপেক্ষাকৃত কম?
ক) মঙ্গল-বৃহস্পতি খ) বৃহস্পতি-শনি
গ) শনি-ইউরেনাস ঘ) পৃথিবী-মঙ্গল

৯. বুড়িগঙ্গা কোন নদীর শাখা নদী?
ক) মাথাভাঙ্গা খ) করতোয়া
গ) যমুনার ঘ) ধলেশ্বরী

১০. কোন অঞ্চলে সূর্য বছরের প্রায় সব সময় লম্বভাবে কিরণ দেয়?
ক) ০° থেকে ৩০° খ) ৩০° থেকে ৪৫°
গ) ৪৫° থেকে ৬০° ঘ) ৬০° থেকে ৯০°

১১. শিমুল, শিলা ও মনজু মিলে সাতক্ষীরা, খুলনা বাগেরহাট অঞ্চলে অবস্থিত বন অঞ্চল পরিদর্শনে যেয়ে শাল, গরান ও কেওড়া গাছ দেখতে পায়। শিমুল, শিলা ও মনজুরের দেখা বনের নাম কী?
ক) চিরহরিৎ খ) শালবন
গ) ক্রান্তীয় পাতা ঝরা ঘ) সুন্দরবন

১২. ভারতের মোট বৃষ্টিপাতের কত অংশ বর্ষাকালে হয়?
ক) ২/৩ খ) ৩/৪
গ) ৪/৫ ঘ) ৯/১০

১৩. উৎপাদনের ক্ষেত্রে ভূমির ব্যবহারের জন্য ভূমির মালিককে কী দিতে হয়?
ক) খাজনা খ) মজুরি
গ) সুদ ঘ) মুনাফা

১৪. দক্ষ শাসন ব্যবস্থা গড়ে তুলতে প্রয়োজন-
i. ন্যায় বিচার প্রতিষ্ঠা
ii. মৌলিক অধিকার সংরক্ষণ
iii. কাজের জবাবদিহিতা নিশ্চিত করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. পরিবার গঠনের পূর্বশর্ত কী?
ক) রক্ত-সম্পর্ক খ) বিবাহ-বন্ধন
গ) মায়া-মমতা ঘ) দেখা-শুনা

১৬. জাতিসংঘের কোন সংস্থা মেয়ে শিশুদের মৌলিক অধিকার আদায়ে কাজ করে?
ক) UNIFEM খ) WHO
গ) UNICEF ঘ) FAO

১৭. এইডস আক্রান্ত ব্যক্তির ওজন ২ মাসের মধ্যে শতকরা কত ভাগের বেশি কমে যায়?
ক) ৬ খ) ১১
গ) ১৫ ঘ) ২০

১৮. কোন স্থানীয় সরকারের সদস্য সংখ্যা নির্দিষ্ট?
ক) সিটি কর্পোরেশন
খ) উপজেলা পরিষদ
গ) পৌরসভা
ঘ) জেলা পরিষদ

১৯. ১৯৭১ সালের কত তারিখে মুজিবনগর সরকার গঠন করা হয়?
ক) ৪ এপ্রিল খ) ১০ এপ্রিল
গ) ১৬ এপ্রিল ঘ) ২৫ এপ্রিল

Teachingbd.com

http://teachingbd.com

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**

দিপ্ত একটা ব্যাংকে হিসাব খোলার জন্য গেলে ব্যাংক কর্তৃপক্ষ তাকে এটিতে সাহায্য না করে জানান যে, এই ব্যাংক অন্য ব্যাংকের অভিভাবক হিসেবে কাজ করে।

**২০. দিপ্ত ব্যাংক হিসাব খোলার জন্য কোন ব্যাংকে গিয়েছিল?**

ⓚ গ্রামীণ ব্যাংক ⓚ বাংলাদেশ ব্যাংক
ⓖ ইসলামী ব্যাংক ⓖ কৃষি ব্যাংক

**২১. দিপ্তর যাওয়া ব্যাংকটির কাজ হলো-**

i. ঋণ নিয়ন্ত্রণ করা
ii. মুদ্রার প্রচলন
iii. বিনিময়ের মাধ্যম সৃষ্টি

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**

নির্বাচনের জন্য ৫ জনকে ভোট দিয়ে বাছাই করল। সেই ৫ জন একত্রে বসে একমত হয়ে একজনকে শ্রেণি ক্যাপ্টেন নির্বাচন করল।

**২২. শিক্ষার্থীরা কোন প্রকারের নির্বাচনে অংশ নিয়েছিল?**

(ক) প্রত্যক্ষ (খ) পরোক্ষ
(গ) গণতান্ত্রিক (ঘ) স্বৈরতান্ত্রিক

**২৩. বাংলাদেশে এ ধরনের নির্বাচনের প্রতিফলন ঘটে-**

i. রাষ্ট্রপতি নির্বাচনে
ii. সাধারণ নির্বাচন
iii. সংরক্ষিত মহিলা এমপি নির্বাচন

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৪. 'ক' স্থানের দ্রাঘিমা ৬০° পূর্ব এবং 'খ' স্থানের দ্রাঘিমা ৯০° পূর্ব হলে স্থান দুইটির স্থানীয় সময়ের পার্থক্য—**

(ক) ১ (খ) ২
(গ) ৩ (ঘ) ৪

**২৫. সাগর দেশের দক্ষিণ পূর্বাঞ্চলে বেড়াতে গিয়ে নদীর উপর একটি সুবিশাল বিদ্যুৎ কারখানা দেখতে পেল, এটি কোন নদীর উপর অবস্থিত?**

(ক) তিস্তা (খ) মেঘনা
(গ) কর্ণফুলী (ঘ) মাতামুহুরী

**২৬. পল্লবী তার মায়ের পদবী ব্যবহার করে তার মায়ের সম্পত্তি উত্তরাধিকারী সূত্রে পায়, তাদের পরিবারটি হল-**

(ক) মাতৃবাস পরিবার
(খ) মাতৃসূত্রীয় পরিবার
(গ) মাতৃতান্ত্রিক পরিবার
(ঘ) মাতৃপ্রধান পরিবার

**২৭. ২০১১-২০১২ অর্থবছরে মোট দেশজ উৎপাদনের খাতওয়ারি অবদান কোন ক্ষেত্রে সব চেয়ে বেশি?**

(ক) ব্যবসা (খ) সেবা
(গ) শিল্প (ঘ) কৃষি

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**

১৯৬৬ সালে পাকিস্তানের জনসংখ্যা ছিল ১০ কোটি। সত্তরের দশকের শেষ ভাগে সংখ্যাগরিষ্ঠ জনগণ সরকার বিরোধী আন্দোলনে অংশ নেয়।

**২৮. ১৯৬৬ সালের বাঙালির সংখ্যা ছিল কত কোটি?**

(ক) ৩ (খ) ৪.৫
(গ) ৫.৬ (ঘ) ৭.২

**২৯. উদ্দীপকে নির্দেশিত আন্দোলন বাঙালিদের উদ্বুদ্ধ করে-**

i. জাতীয়বাদে
ii. অধিকার রক্ষায়
iii. রাজনৈতিক চেতনায়

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩০. 'The Modern State' গ্রন্থটি কার লেখা?**

(ক) আর, এম ম্যাকাইভার
(খ) ই, এম হোয়াইট
(গ) এরিস্টটল (ঘ) গার্নার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক |

Teachingbd.com